গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
www.sadar.rajbari.gov.bd

## রাজবাড়ী সদর উপজেলার সেপ্টেম্বর/ ২০২২ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।

তারিখ : ১২/০৯/২০২২ খ্রি:।

সময় সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো ।**

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** : বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর জুলাই/২০২২ ও আগস্ট/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা** : জুলাই/২০২২ ও আগস্ট/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

| মাসের নাম | খুন | ধর্ষণ | ডাকাতি/ রাহাজানি | চুরি | বিশেষ ক্ষমতা | অস্ত্র উদ্ধার | জুয়া আইনে মামলা | নারী ও শিশু নির্যাতন | প্রতারণা / মানবপাচার মামলা | মাদক মামলা | বিস্ফোরক মামলা | সড়ক দুর্ঘটনা | অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| আগস্ট/২০২২ | - | - | - | ১০ | - | - | - | ০৯ | - | ২৪ | - | - | ২৩ | ৬৬ | |
| জুলাই/২০২২ | - | - | - | ০৪ | - | - | - | ০৪ | - | ১১ | - | ০১ | ১৭ | ৩৭ | |
| | - | - | হ্রাস | বৃদ্ধি | - | - | - | বৃদ্ধি | - | বৃদ্ধি | - | হ্রাস | বৃদ্ধি | বৃদ্ধি | |

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, জুলাই/২০২২ মাসে চুরি-০৪টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৪টি, মাদক মামলা -১১টি, সড়ক দুর্ঘটনা-০১টি ও অন্যান্য-১৭টিসহ মোট ৩৭টি ও আগস্ট/২০২২ মাসে চুরি-১০টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৯টি, মাদক মামলা -২৪টি ও অন্যান্য-২৩টিসহ মোট ৬৬টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা জুলাই/২০২২ মাসের তুলনায় আগস্ট/২০২২ মাসে বৃদ্ধি পেয়েছে।

**সিদ্ধান্ত** : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো ।

**বাস্তবায়নে** : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ।

০৪. **মাদক বিরোধী অভিযান** : সহকারী পরিচালক, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী এর প্রতিনিধি সভাকে জানান যে, আগস্ট/২০২২ মাসে ৩০টি অভিযান পরিচালনা করা হয়েছে। মামলা সংখ্যা-২০, আসামী ২০জন, উদ্ধারকৃত মাদক গাজা ৫০০ গ্রাম, ইয়াবা ৪৮০ পিচ, ফেনসিডিল ৪৫ বোতল। মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে অভিযান অব্যাহত আছে। সমাজ থেকে মাদক নিয়ন্ত্রণ করতে হলে পরিবারিক সচেতনতা বৃদ্ধিসহ সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে।

**সিদ্ধান্ত** : রাজবাড়ী সদর উপজেলার মাদক ক্রয়-বিক্রয় এর স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‍্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

### ০৫. উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা হ্রাস পেয়েছে। অত:পর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, রাজবাড়ী সদর উপজেলার জেলে তালিকা হালনাগাদ করার লক্ষ্যে ইতোমধ্যে বরাট, চন্দনী, দাদশী, মিজানুর এবং পাচুরিয়া ইউনিয়নে পুরাতন তালিকা যাচাই-বাছাই করা হয়েছে। খানগঞ্জ | জেলে নিবন্ধনের কার্যক্রম নীতিমালার আলোকে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর |

| | | | |
|---|---|---|---|
| | এবং পৌরসভার কার্যক্রম খুব শীঘ্রই শুরু করা হবে। নতুন জেলে তালিকা স্বচ্ছতার সাথে প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান ও সদস্যদের উপস্থিতিতে আবেদনকৃত সকল জেলেদের নিয়ে পুরাতন জেলেদের উপস্থিতিতে প্রকৃত জেলেদের বাছাই করা হয়েছে। নতুন নিবন্ধিত জেলেদের খসড়া তালিকা প্রস্তুত অন্তে ইউনিয়ন পরিষদে নোটিশ দিয়ে সংশ্লিষ্ট সকলের মতামতের জন্য প্রকাশ করা হবে।<br>২০২২-২৩ অর্থবছরে রাজস্ব অর্থায়নে উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তি কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>দেশীয় প্রজাতির মাছ রক্ষা করার জন্য অবৈধ চায়না দুয়ারী জাল উচ্ছেদ করা খুবই জরুরী। ইতোমধ্যে এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের সাথে আলোচনা করা হয়েছে। চায়না দুয়ারী উচ্ছেদে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন। | | |
| ৬.২ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অক্টোবর মাসের পহেলা তারিখ হতে দুর্গাপূজা আরম্ভ হবে। সরকারি নির্দেশনার আলোকে প্রতিটি দুর্গাপূজার মন্দিরে আনসার মোতায়েন করা হবে। | দুর্গাপূজার মন্দিরে মোতায়েনকৃত আনসার সদস্যদের কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর। |
| ৬.৩ | অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী সদর এর প্রতিনিধি সভায় জানান যে, কলেজ চলাকালীন পুলিশী টহল প্রদান করায় কলেজ এলাকার আইন-শৃঙ্খলা স্বাভাবিক। | পুলিশী টহল অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৪ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর প্রতিনিধি জানান যে, প্রাথমিক শিক্ষার গুনগতমান বৃদ্ধির লক্ষ্যে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। সরকারি স্কুলসমূহে নৈশ প্রহরী থাকায় কোন চুরি হয় নাই। নতুন জাতীয়করণকৃত কয়েকটি স্কুলে চুরি হয়েছে। স্কুল এলাকায় রাতে পুলিশী টহল বৃদ্ধি করা হলে চুরি রোধ করা সম্ভব হবে। | পুলিশী টহল বৃদ্ধি ও গ্রাম পুলিশদের দিয়ে পাহারার ব্যবস্থা করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও ইউনিয়ন পরিষদের চেয়াম্যানগণ |
| ৬.৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর সভায় জানান যে, আগামী মাস থেকে শিশুদের টিকা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে। শিশুদের টিকা প্রদান কার্যক্রম সফল বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | শিশুদের টিকা প্রদানের বিষয়টি বহুল প্রচার করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর |
| ৬.৬ | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, প্রতিবন্ধী ভাতার জন্য প্রাপ্ত আবেদনসমূহ অনলাইনে যাচাই করা হচ্ছে। কিছু আবেদন পত্রের সাথে প্রদত্ত তথ্যাদি সঠিক না হওয়ায় বাতিল করা হয়েছে। আন্যান্য কাযর্ক্রম স্বাভাবিক। | নীতিমালার আলোকে প্রতিবন্ধী যাচাইএর কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর |
| ৬.৭ | অধ্যক্ষ, রাজবাড়ী শ্রীপুর লজ্জাতুনন্নেছা কামিল মাদ্রাসা এর প্রতিনিধি জানান যে, মাদ্রাসা চলাকালীন সময়ে পুলিশী টহল প্রদান করায় ইভটিজিং বন্ধ হয়েছে। মাদ্রাসার সার্বিক পরিস্থিতি স্বাভাবিক। | শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে শ্রেণি কক্ষে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অধ্যক্ষ, রাজবাড়ী শ্রীপুর লজ্জাতুনন্নেছা কামিল মাদ্রাসা |
| ৬.৮ | জনাব মোঃ টুকু মিজি, চেয়ারম্যান, মিজানপুর ইউনিয়ন পরিষদ জানান যে, চন্দনী ও মিজানপুর ইউনিয়নের চিহ্নিত ও তালিকাভূক্ত সন্ত্রাসীরা সঙ্ঘবদ্ধ হচ্ছে। পুলিশী টহল বৃদ্ধি করা হলে এলাকার আইন-শৃঙ্খলার নিয়ন্ত্রণে থাকবে। | নিয়মিত পুলিশী টহল প্রদানের ব্যবস্থা করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৯ | জনাব মোঃ মজিবুর রহমান, চেয়ারম্যান, পাঁচুরিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, সদর উপজেলার পাঁচুরিয়া, দাদশী, বরাট ও খানখানাপুর এলাকায় নিষিদ্ধ ঘোষিত সন্ত্রাসী দলের লোকজনের ঘাটি হিসেবে পরিচিত। সন্ত্রাসীরা খানখানপুর এলাকায় একজনকে খুন করেছে। সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে বিলম্ব হলে আরো অঘটন ঘটাতে পারে। সন্ত্রাসীদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। পাঁচুরিয়া ঝুকিপূর্ণ এলাকা হওয়ায় পুলিশ বিট পয়েন্ট ছিল। বর্তমানে বিট পয়েন্ট বন্ধ আছে। পুলিশের বিট পয়েন্ট চালুকরা হলে এলাকার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে থাকবে। সন্ত্রাসীরা হেলমেট পরে মটর সাইকেল যোগে অপরাধমূলক কার্যক্রম করছে। এদের নিয়ন্ত্রণ করা প্রয়োজন। | সন্ত্রাসীদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও বিট পয়েন্ট চালু করার ব্যবস্থা করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা। |
| ৬.১০ | জনাব মুহাম্মদ শরিফুর রহমান, চেয়ারম্যান, খানগঞ্জ ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নে পুরাতন বাজার ও স্টেশন বাজার নামে ২টি বড় বাজার আছে। পুরাতন বাজারে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। খানগঞ্জ ইউনিয়নের সাবেক চেয়ারম্যানের ব্যবসা প্রতিষ্ঠানে চুরি হয়েছে। এলাকার চিহ্নিত চোর ও সন্ত্রাসীরা সঙ্ঘাবদ্ধ হচ্ছে। দুর্গাপূজা মন্ডপের নিরাপত্ত বিধান,মাদক নিয়ন্ত্রণ, চুরি রোধ ও সন্ত্রীদের কার্যক্রম নিয়ন্ত্রণে রাখতে পুলিশী টহলের ধারা অব্যাহত রাখতে হবে। | পুলিশী টহলের ধারা অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১১ | জনাব একেএম ইকবাল হোসেন, চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকার অপরাধ দমনের আগে পরিকল্পনা করা প্রয়োজন। রাজবাড়ী জেলার পাঁচুরিয়া, আলীপুর ও গোয়ালন্দ উপজেলা রেড জোন হিসেবে পরিচিত। হত্যারসাথে জড়িত সন্ত্রাসীরা বিভিন্ন পোষাক ও মুখোশ পরে। পুলিশ খানখানাপুরে এলাকার খুনের সাথে জড়িত আসামী গ্রেফতার করেছে। অস্ত্র উদ্ধার হয়েছে। মটর সাইকেলে অপরাধ বৃদ্ধি পেয়েছে। সামনে | পুলিশী টহলের ধারা অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |

| | | | |
|---|---|---|---|
| | দুর্গাপূজা, সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে দুর্গাপূজার অনুষ্ঠানের লক্ষ্যে সার্বিক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাদক নিয়ন্ত্রণে আনতে না পারলে আগামী প্রজন্ম ধ্বংস হয়ে যাবে। মাদক, চুরি, সন্ত্রীদের কার্যক্রম নিয়ন্ত্রণে রাখতে পুলিশী টহলের ধারা অব্যাহত রাখতে হবে। | | |
| ৬.১২ | জনাব ওহিদুজ্জামান শেখ, চেয়ারম্যান, মূলঘর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর জানান যে, জেলা পরিষদ নির্বাচনের তফশীল ঘোষিত হয়েছে। আগামীতে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের সময় সন্ত্রাসীরা তৎপর হয়ে থাকে। প্রতিটি এলাকায় সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ে সভা অনুষ্ঠিত হলে সন্ত্রাস কর্মকান্ড, মাদক ও চুরি রোধ হবে। | পুলিশী টহল ও সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ে সভার ব্যবস্থা গ্রহণ করাতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও চেয়ারম্যান সকল ইউপি, রাজবাড়ী সদর। |
| ৬.১৩ | জনাব জনাব মোঃ নুর মোহাম্মদ ভূঁইয়া, চেয়ারম্যান, শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, কিছু সন্ত্রাসী ক্রস ফায়ারে মারা গেলেও তাদের সহযোগিরা সংঘবদ্ধ হয়ে সন্ত্রাসী কার্যক্রম চালানোর চেষ্টা করছে। উড়াকান্দায় সন্ত্রাসীদের গুলিতে একজন আহত হয়েছে। খানখানপুর একজন নিহত হয়েছে। সন্ত্রাসীদের তৎপরতার বিষয়ে বিগত সভায় আলোচনা হলেও উল্লেখযোগ্য অগ্রগতি হয় নাই। জাতীয় নির্বাচনের সময় সন্ত্রাসীরা দেশকে অশান্ত করতে পারে। সন্ত্রাসীরা ভাড়ায় জমি দখল করছে। সন্ত্রাসী কার্যক্রক প্রতিরোধের লক্ষ্যে পুলিশী টহল অব্যাহত রাখতে হবে। | পুলিশী টহল অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা। |
| ৬.১৪ | বীর মুক্তিযোদ্ধা, জনাব আ: জলিল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, রাজবাড়ী সদর সভায় জানান যে, গত সভায় সন্ত্রাসীদের বিষয়ে আলোচনা হলেও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ না হওয়ায় খানখানাপুর এলাকায় একজন খুন হয়েছে। মটর সাইকেল যোগে সন্ত্রাসীরা চলাফেরা করছে। চিহ্নিত সন্ত্রাসী, মাদক ব্যবসায়ীদের তালিকা প্রশাসনের নিকট জমা দিলে তাদের নিয়ন্ত্রণে সহায়ক হবে। | সন্ত্রাসী ও মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী। |
| ৬.১৫ | অধ্যক্ষ, ডাঃ আবুল হোসেন কলেজ, রাজবাড়ী এর প্রতিনিধি জানান যে, ক্লাস চলাকালিন কলেজের বাইরে প্রায়শই মারামারি হয়। মারামারির কারণে কলেজের শিক্ষক ও ছাত্রছাত্রীরা নিরাপত্তাহীনতায় ভোগেন। কলেজ চলাকালীন পুলিশী টহল প্রদান করালে মারামারি রোধ হবে। | পুলিশী টহলের ধারা অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১৬ | জনাব তসলিম উদ্দিন, সাধারণ সম্পাদক, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, রাজবাড়ী সভা কে জানান যে, রাজবাড়ী মনাক্কা টাওয়ার হতে স্যান্ডেলের দোকান পর্যন্ত রাস্তা সরু হওয়ার কারণে যানযটের সৃষ্টি হচ্ছে। এলাকায় যানযট নিরসন করা প্রয়োজন। | উল্লিখিত এলাকায় যানযট নিরসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |

০৭. জনাব আলেয়া বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের আইনশৃঙ্খলা পরিস্থিতি ভালো আছেঅ।

০৭. জনাব রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলার কিছু এলাকা সর্বহারাদের ঘাটি হিসেবে পরিচিত ছিল। প্রশাসনের তৎপরতায় সর্বহারাদের কার্যক্রম বন্ধ থাকলেও সামনে নির্বাচনকে কেন্দ্র করে অপকর্মের চেষ্টা করবে। বালু উত্তোলন কে কেন্দ্র করে সন্ত্রাসীরা গুলি বর্ষণ করেছে। গতসভায় খানখানাপুর ইউনিয়নের চেয়ারম্যান সন্ত্রাসীদের বিষয়ে আলোচনা করেছেন। আলোচনার এক মাসের মধ্যে খানখানাপুর এলাকায় রকি নামে একজন সন্ত্রাসীদের হাতে খুন হয়েছেন। খুন হওয়ার কয়েকদিন পূর্বে এক অনুষ্ঠানে রকি কে হত্যার জন্য সন্ত্রাসীরা আক্রমন করে। পুলিশ রকির হত্যাকারিকে চিহ্নিত করে কয়েকজন কে গ্রেফতার করেছে। অনেক সন্ত্রাসী জমি দখল কার্যক্রমের সাথে জড়িত। সমাজ ব্যবস্থা সংকোচিত হওয়ার অপরাধ বৃদ্ধি পেয়েছে। সন্ত্রাসীরা মটর সাইকেলে হেলমেট পরিহিত অবস্থায় সন্ত্রাসী কার্যক্রম চালাচ্ছে। আগামী মাসের ১ তারিখ হতে দুর্গাপূজা আরম্ভ হবে। শান্তিপূর্ণ পরিবেশে দুর্গাপূজা অনুষ্ঠানের বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। আইন-শৃঙ্খলা বাহিনী তৎপর হলে সন্ত্রাসী কার্মকান্ডসহ অন্যান্য অপরাধ হ্রাস পাবে। সকল ক্ষেত্রে বিট পুলিশিংসহ পুলিশি তৎপরতা বাড়ানোর জন্য তিনি অনুরোধ করেন।

০৮. সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। রাতে দোকান খোলা রাখা ব্যক্তিদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হবে।

০৯. অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা এর প্রতিনিধি জানান যে, রাজবাড়ী সদর উপজেলার কর্মরত সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সর্বস্তরের জনসাধারণের সার্বিক সহযোগিতার কারণে বিশৃঙ্খল ঘটনা ব্যতিত আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে আছে। মাদক সেবক ও বিক্রয়কারীদের তথ্য পাওয়া মাত্র অভিযান অভিযান অব্যাহত আছে। সর্বহারাদের বিরুদ্ধে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। খানখানাপুর এলাকায় রকি হত্যার সাথে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করা হয়েছে। কয়েকজনতক গ্রেফতার করা হয়েছে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে সবাইকে সচেতন ও তৎপর থাকতে হবে। মাদক নিয়ন্ত্রণে আনতে সম্মিলিতভাবে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে নৈশ প্রহরী সঠিকভাবে দায়িত্ব পালন করেন না। নৈশ প্রহরীদেরকে সঠিকভাবে দায়িত্ব পালন করতে হবে। রাতে অনেক শিক্ষা প্রতিষ্ঠানে লাইট বন্ধ থাকে। দুর্গাপূজা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে পুলিশী টহল বৃদ্ধি করা হয়েছে। মটর সাইকেলের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে।

সভাপতি পরিশেষে সম্পূর্ণ সভার সারমর্ম তুলে ধরেন। তিনি সভায় এ উপজেলার আইন-শৃঙ্খলা উন্নয়নের লক্ষ্যে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। মাটি কাটা বন্ধ, ইভটিজিং, জাটকা নিধন ও মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে প্রতিবাদ, প্রতিরোধ ও সামাজিক সচেতনতা ও দায়বদ্ধতা বাড়াতে হবে। সুষ্ঠু পরিবেশে দুর্গাপূজা অনুষ্ঠানের লক্ষ্যে সবাইকে সচেতন থাকতে হবে। এলাকার সার্বিক উন্নয়নে কর্মকর্তাদের সার্বিক বিষয়ে সহযোগিতা করতে হবে। এছাড়া তিনি সকলের সহযোগিতায় রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু ও সুন্দর রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।

বিবিধ সিদ্ধান্ত :

১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ মাদকস্পট, মাদক কারবারী ও সন্ত্রাসীদের ঠিকানা উল্লেখ করে অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা বরাবর তালিকা দিবেন।
২) রেজিস্ট্রেশন বিহীন মটর সাইকেল ও লাইসেন্স বিহীন চালকের নাম সুনির্দিষ্ট ভাবে অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা বরাবর তালিকা দিবেন।
৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ স্ব স্ব এলাকার বাজারসমূহে সিসি ক্যামেরা স্থাপন ও রাতে পাহারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।
৪) এলাকায় সন্ত্রাসীরা প্রবেশ করলে তাৎক্ষনিকভাবে পুলিশকে অবহিত করতে হবে।
৫) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ স্ব স্ব এলাকার দুর্গাপূজার মন্ডপে গ্রাম পুলিশদের দায়িত্ব প্রদান করবেন।

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০৯/২২

( মার্জিয়া সুলতানা )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
টেলিফোন নম্বর : ০২৪৭৮৮০৭৪৭৩
e-mail : unorajbari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০০.০২.০০১.২২- ৮০৫(৪০) তারিখঃ ১৫/০৯/২০২২ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী
মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী -১
ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী ।
০২। জেলা প্রশাসক, রাজবাড়ী ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর,রাজবাড়ী।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০৪। সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে উক্ত কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রদানের জন্য অনুরোধ করা হলো।
০৫-৩৫। ........................................................................ উপদেষ্টা/সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি,রাজবাড়ী সদর,রাজবাড়ী ।

১৫/০৯/২২

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।